

‘পলাতক’

[কীচণ্ডীদাস চক্রবর্তী। প্রথম বর্ষ (বিজ্ঞান) ‘ক’ বিভাগ]

অলককেশরে বুলানো ‘শিশির

ঝরায়ে চলিয়ে যাওয়া;

লুকানো ‘শিশির অবগুণ্ঠনে

তোমার নীরব চাওয়া ।

হে চির উথলা বাক্যবিহীন,

ফাগুননেশায় অম্বর লীন

পুলকশিহরআবেশবিলীন

নীরব নিশীথছাওয়া

নমিত ব্রহ্ম অবগুণ্ঠন

পুলকে ছুলিয়ে যাওয়া ।

নিদাঘ তপ্ত ক্লান্ত নিবিড়

চরণে লুটিয়ে দেওয়া,

কাকলী ঝরানো অলস উষার

রক্ত আলোরে পাওয়া

চঞ্চল জলে আলোক ছড়ানো,

অঞ্চল ভরা মুকুল কুড়ানো,

অতল বক্ষে আলোক বুলানো,

নীরবে ছুলিয়ে দেওয়া ।

হে চির লুকানো বাক্য বিহীন

নিবিড় তোমার ছাওয়া ।